



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯ (অংশ-৩).২৯৮

তারিখ : ০৯/০৫/২০২৩ খ্রি:

বিষয় : ময়মনসিংহে ৩০/০৫/২০২৩ খ্রি. থেকে ৩১/০৫/২০২৩ খ্রি. মেয়াদে অনুষ্ঠিত “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ১ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ময়মনসিংহ বিভাগে “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে আগামী ৩০/০৫/২০২৩ খ্রি. থেকে ৩১/০৫/২০২৩ খ্রি. মেয়াদে অনুষ্ঠিত প্রশিক্ষণটি প্রতিদিন সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ময়মনসিংহ এর কার্যালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে মূলত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন বিভাগ/ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তারা অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ মহোদয় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করতে সদয় সম্মত হয়েছেন।

২। উক্ত প্রশিক্ষণে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি)-এ কর্মরত কো-অর্ডিনেটর/মেডিকেল অফিসার-কে অংশ নিতে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীকে সরকারী বিধি অনুযায়ী নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

৪। প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের নাজমা সিদ্দিকা বেগম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার [০১৭১৯-১৩৯৮১৩] এবং ডা: এজিএম মাশুকুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১৬০১৭] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

স্বাস্থ্য সেবা বিভাগ

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: msrk_6415@gmail.com

প্রকল্প পরিচালক

নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ময়মনসিংহ।
- ২। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম অ্যানালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।